# ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান
সিটি ক্যাম্পাসঃ আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০। মেইন ক্যাম্পাসঃ চর বাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ।
Phone: 880-2-223354144, E-mail : escb@esc-bd.org, rector@esc-bd.org, Web: www.esc-bd.org

স্মারক নং ঃ ইএসসিবি/২০২৬/ ৬০ তারিখ ঃ ১৫ মার্চ, ২০২৬

প্রাপক

..........................................

..........................................

..........................................

**বিষয় ঃ ২৯ মার্চ, ২০২৬ থেকে অনুষ্ঠিতব্য ০২ মাস ব্যাপী ইইডি'র উপ-সহকারী প্রকৌশলীদের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

Engineering Staff College, Bangladesh (ESCB)- এ ০২ মাস ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য ইইডি'র সম্মানিত প্রধান প্রকৌশলী কর্তৃক আপনাকে মনোনয়ন প্রদানের জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং আপনাকে জানাচ্ছি মোবারকবাদ। ০২ মাস ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে নির্বাচিত প্রশিক্ষণার্থী হিসাবে আপনার অংশগ্রহণ সংক্রান্ত কতিপয় জ্ঞাতব্য বিষয় নিম্নে উল্লেখ করা হলো ঃ

১. **নিবন্ধীকরণ ঃ ২৯ মার্চ, ২০২৬ তারিখ রোজ রবিবার, সকাল ৮.৩০ টার মধ্যে ESCB-এর সিটি অফিস, আইইবি** সদর দপ্তর, রমনা, ঢাকাতে উপস্থিত হয়ে অভ্যর্থনাকারীর কাছ থেকে দুই কপি নিবন্ধীকরণ ছক **(Registration Form)** গ্রহণ করার পর তা পূরণ করবেন এবং পূরণকৃত ছকের ১ (এক) কপি ঐ সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে নিবন্ধনকাজ সম্পন্ন করবেন। অন্য কপি পরদিন ক্লাস শুরুর পূর্বেই কোর্স কো-অর্ডিনেটরের (Course Coordinator)/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন। **নিবন্ধীকরণের জন্য তিন কপি পাসপোর্ট সাইজ ও তিন কপি স্ট্যাম্প সাইজ রঙ্গিন ছবি সাথে নিয়ে আসবেন।**

২. **উদ্বোধনী অনুষ্ঠান ও মেইন ক্যাম্পাসে যাত্রা ঃ** নিবন্ধীত হবার পর প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন। এখানকার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পর ঐ দিনই ইএসসিবি মেইন ক্যাম্পাসের উদ্দেশ্যে যাত্রা শুরু করা হবে।

৩. **আবাসন বরাদ্দ ঃ** ইএসসিবি মেইন ক্যাম্পাসে পৌছে আপনি অভ্যর্থনাকারীর নিকট হতে Dormitory তে আবাসন বরাদ্দ নিবেন।

৪. **আবাসন ব্যবস্থা ঃ** এ কোর্সটি আবাসিক কোর্স বিধায় প্রশিক্ষণার্থীদের ESCB Dormitory তে প্রশিক্ষণকালীন অবস্থান বাধ্যতামূলক। Dormitory /ক্যাম্পাসের নিয়ম কানুন মেনে চলবেন।

ক) এখানে বিছানাপত্র সরবরাহ করা হবে, তবে বিশেষ কোন বিছানা প্রয়োজন হলে তা সাথে আনতে পারবেন।

খ) Dormitory তে কোন অবস্থাতেই হিটার, ইস্ত্রি কিংবা স্টৌভ ব্যবহার করা যাবে না।

গ) প্রশিক্ষণকালীন সময়ে Dormitory অভ্যর্থনা কেন্দ্র ছাড়া অন্য কোথাও কোন আত্মীয়/অতিথির সঙ্গে সাক্ষাৎ করা সম্পূর্ণ নিষিদ্ধ।

ঘ) **আহারের ব্যবস্থা ঃ** ESCB'র ডাইনিং হলে আপনাদের খাবারের ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণার্থীদের মধ্য হতে নির্বাচিত মেস ম্যানেজমেন্ট কমিটির মাধ্যমে আহারের ব্যবস্থা পরিচালিত হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষণকালীন

CamScanner

আপনাকে কর্তৃপক্ষ নির্দিষ্ট হারে যে দৈনিক ভাতা প্রদান করবেন তা থেকেই খাবারের ব্যয় মেটাতে হবে। প্রাথমিক এবং আনুসঙ্গিক অতিরিক্ত ব্যয় সংকুলানের জন্য প্রয়োজনীয় অর্থ সঙ্গে আনতে আপনাকে পরামর্শ দেয়া যাচ্ছে।

৫. **অগ্রিম বেতন বিলঃ** প্রশিক্ষণ কোর্সে আসার সময় কোর্সের মেয়াদকালীন সময়ের অগ্রিম বেতন বিল স্বাক্ষর করে আপনার অফিসে জমা দিয়ে আসবেন, যাতে এ ব্যাপারে কোর্স চলাকালীন কোন সমস্যা না হয়।

৬. **ছুটি ঃ** প্রশিক্ষণকালীন সময়ে সাধারনত কোন ছুটি দেয়া হবে না। তাই বর্তমান ও সম্ভাব্য দাপ্তরিক ও অন্যান্য কাজ কর্মের দায়িত্ব সম্পাদন করে আসবেন।

৭. **শরীর চর্চা ও খেলাধূলা ঃ** প্রতিদিন ভোরে শরীর চর্চা ও বিকালে খেলাধূলা বাধ্যতামূলক। এজন্য আপনাকে নিম্নলিখিত শরীর চর্চা কিট সঙ্গে আনতে হবে।

ক) **পুরুষের শরীর চর্চার জন্য পোশাক ঃ সাদা ইংলিশ/টেনিস হাফ প্যান্ট/ট্র্যাক স্যুট, সাদা স্পোর্টস গেঞ্জি, সাদা কেড্স ও সাদা মোজা।**

খ) মহিলাদের শরীর চর্চা জন্য পোশাক ঃ সাদা সেলোয়ার ও সাদা কামিজ, সাদা ওড়না, সাদা কেড্স ও সাদা মোজা।

৮. পোশাক ঃ

ক) পুরুষের জন্য ঃ কালো ফুল প্যান্ট, সাদা ফুল শার্ট, মোজাসহ কালো ইংলিশ জুতা ও নেক টাই, যারা ধর্মীয় বা অন্য কোন কারণে ফুল শার্ট/টাই/স্যুট পরিধান করেন না, তাদের জন্য শেরওয়ানী।

খ) তাছাড়া গুরুত্বপূর্ণ আনুষ্ঠানিক অনুষ্ঠানে পুরুষদের স্যুট পরতে হবে। অতএব পুরুষ কর্মকর্তাগণ স্যুট, সাদা ফুলশার্ট এবং টাই অথবা শেরওয়ানী অবশ্যই সঙ্গে আনবেন।

গ) মহিলাদের জন্য ঃ হালকা নীল রং এর সেলোয়ার কামিজ (থ্রি পীস) অথবা হালকা নীল শাড়ী।

৯. **ভাতাদি (Allowances) ঃ** বিশেষভাবে উল্লেখ্য যে, প্রশিক্ষণে যোগদানের পর পোষাকাদি ক্রয়ের জন্য আপনাকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা কিট এলাউন্স এবং খাবার ও আনুসাংগিক খরচের জন্য দৈনিক ভাতা হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হবে। খাবার খরচের টাকা হতে নিয়মানুযায়ী ভ্যাট ট্যাক্স কর্তন করা হবে।

১০. **বিনোদনমূলক অনুষ্ঠান ঃ** প্রশিক্ষণার্থীদেরকে লেখাপড়া ও খেলাধূলা ছাড়াও নিজেদের উদ্যোগে বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসতে উপদেশ দেয়া হচ্ছে।

১১. **পাঠাগার ব্যবহার ঃ** নির্দিষ্ট সময়ে পাঠাগারে পড়াশুনা প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য বাধ্যতামূলক।

১২. **পরীক্ষা ঃ** কোর্স চলাকালীন সময়ে লিখিত পরীক্ষা নেয়া হবে ; যার ফলাফল প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবরে প্রেরণ করা হবে।

১৩. **গোপনীয় প্রতিবেদন ঃ** প্রশিক্ষণকালীন সময়ের সার্বিক মূল্যায়নের উপর প্রত্যেক প্রশিক্ষণার্থী কর্মকর্তার গোপনীয় প্রতিবেদন প্রশিক্ষণ শেষে EED তে প্রেরণ করা হবে।

১৪. **ক্লাশে উপস্থিতি ঃ** প্রতিটি প্রশিক্ষণ ক্লাশে নিয়মিতভাবে নির্ধারিত সময়সূচী অনুযায়ী উপস্থিত থাকতে হবে, নির্দিষ্ট সময়ে উপস্থিত হতে না পারলে এ বিষয়ে ইএসসিবি'র বিধি অনুযায়ী কারণ দর্শানার নোটিশ প্রদান করা হবে এবং নির্ধারিত সময়সূচী অনুযায়ী অন্যান্য কার্যক্রমেও অংশগ্রহণ করতে হবে।

১৫. **ল্যাপটপ ঃ** প্রশিক্ষণের প্রেজেন্টশন কার্যক্রমের সুবিধার্থে সঙ্গে ল্যাপটপ ( যদি থাকে) সাথে নিয়ে আসবেন।

**প্রয়োজনে যোগাযোগঃ**

ক) **জনাব তাওহীদ হাসান, ফ্যাকাল্টি ট্রেইনার ও কোর্স কোর্ডিনেটর, ইএসসিবি (০১৬৭২-৮১১১৮১)**

খ) জনাব কে,এম আজাদ মুন্না (০১৭০৬-৫৭৩৭০৭),জনাব সানজার (০১৭০০-৬১২২৬০),জুনিয়র ফ্যাকাল্টি ট্রেইনার, ইএসসিবি

গ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ট্রেনিং অফিসার, ইএসসিবি (০১৭১৭-৪৯৬০৩০)

ঘ) জনাব মোঃ মইনুল ইসলাম প্রধান, ওয়ার্ডেন, ইএসসিবি মেইন ক্যাম্পাস (মোবাইল নং-০১৭১৪-৭৪০৫৩৭)।

ধন্যবাদ ও শুভেচ্ছান্তে,

২৮/০৬/২০২৫

(মোঃ আশরাফুল আলম)
রেক্টর, ইএসসিবি

CamScanner

নং- ৯০/১(৩)    তাং- ১৫/০৩/২৫

অনুলিপি :

১। প্রধান প্রকৌশলী, ইইডি, শিক্ষাভবন, আবদুল গনি রোড,ঢাকা।

২। পরিচালক (প্রশাসন ও অর্থ) ইইডি, শিক্ষাভবন, আবদুল গনি রোড, ঢাকা।

৩। উপ পরিচালক (প্রশাসন) ইইডি, শিক্ষাভবন, আবদুল গনি রোড, ঢাকা।

২৫/০৩/২০২৫

(মো: আশরাফুল আলম)
রেক্টর, ইএসসিবি

নং- ৯০/২(১০)    তাং- : ১৫/০৩/২৫

অনুলিপি :(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ডীন, ট্রেনিং, ইএসসিবি
২। জনাব তাওহীদ হাসান, ফ্যাকাল্টি ট্রেইনার ও কোর্স কোর্ডিনেটর, ইএসসিবি
৩। জনাব আজাদ মুন্না, জুনিয়র ফ্যাকাল্টি ট্রেইনার , ইএসসিবি
৪। জনাব সানজার আহসান,জুনিয়র ফ্যাকাল্টি ট্রেইনার , ইএসসিবি
৫। জনাব মো: মোস্তাফিজুর রহমান, ট্রেনিং অফিসার, ইএসসিবি মেইন ক্যাম্পাস, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬। জনাব মো: মইনুল ইসলাম প্রধান, ওয়ার্ডেন, ইএসসিবি মেইন ক্যাম্পাস, গজারিয়া, মুন্সীগঞ্জ
৭। একাউন্টস্ অফিসার, ইএসসিবি।
৮। জনাব মোঃ মাহবুবুর রহমান খান, সেকশন অফিসার, ইএসসিবি
৯। জনাব রাজিকুল ইসলাম, ডেপুটি ট্রেনিং অফিসার, ইএসসিবি
১০। অফিস কপি।

১৫/০৩/২০২৫

(মো: আশরাফুল আলম)
রেক্টর, ইএসসিবি

CamScanner